

৯৩৮৪৩৮৪৪২২

## প্রশাসনেরও আজ পরীক্ষা

নিজস্ব সংবাদদাতা

কৃষ্ণনগর: মাধ্যমিকে হাসতে হাসতে পাশ করেছিল প্রশাসন। উচ্চ মাধ্যমিকে কী হবে সেটা সময় বলবে। তবে পরীক্ষার্থীদের মতোই প্রস্তুতিতে কোনও খামতি রাখছে না নদিয়া জেলা প্রশাসন। আজ, বুধবার থেকে শুরু হচ্ছে উচ্চ মাধ্যমিক পরীক্ষা।

পরীক্ষার আগে ও পরে প্রতিটি রুটেই থাকবে পর্যাপ্ত সংখ্যক বাস। সেই সঙ্গে জেলার সমস্ত গুরুত্বপূর্ণ রাস্তায় ও মোড়ে যাতে যানজট না হয় সে দিকে কড়া নজর রাখা হবে। রাস্তায় টহল দেবে পুলিশ। আইনশৃঙ্খলা রক্ষার পাশাপাশি তারা পরীক্ষার্থীদের সাহায্য করবে। প্রতিটি ব্লকে তৈরি থাকবে অ্যাম্বুল্যান্স। পরীক্ষাকেন্দ্রে থাকবে মেডিক্যাল টিম। জেলাশাসক সুমিত গুপ্ত বলেন, “পরীক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে তার জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হয়েছে।” ওয়েস্টবেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেন্ডারি এডুকেশন-এর জেলার যুগ্ম আহ্বায়ক দিলীপ সিংহ জানান, সক্রিয় থাকবে কন্ট্রোল রুম। কোনও রকম সমস্যা হলে সেখানে ফোন করা যেতে পারে।

৯৩৮৪-২২

৯৩৮৪৩৮৪৪২২ ২৫ ২ মার্চ ২০১৭

